

দুদকে দুর্নীতির অভিযোগ জানাতে কল করুন হটলাইন ১০৬ নাম্বারে

দূর্নীতি প্রতিরোধ করতে চান? তাহলে আপনার আশেপাশের দুর্নীতিগ্রস্ত মানুষের তথ্য দিন দুর্নীতি দমন কমিশনে (দুদক)। দুর্নীতি ও অনিয়মের তথ্য জানাতে ১০৬ নম্বরের হটলাইন চালু করেছে দুদক।

টেলিফোন বা যেকোনো মোবাইল ফোন থেকে কল করা যাবে। সম্পূর্ণ বিনা মূল্যে এই কল করা যাবে বলে দুদকের গণমাধ্যম শাখা থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, একাধিক ব্যক্তি একই সঙ্গে অভিযোগ জানাতে পারবেন। অভিযোগকারীর নাম ও পরিচয় গোপন রাখা হবে। অভিযোগকারী চাইলে তার বক্তব্য রেকর্ড করা যাবে। অফিস চলাকালে, অর্থাৎ সকাল নয়টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত কল করা যাবে।

দুদক জানায়, এর মাধ্যমে জনগণের সঙ্গে তাদের প্রত্যক্ষ সংযোগ স্থাপিত হবে। দ্রুত দুর্নীতির তথ্য-প্রমাণ পাওয়া যাবে। দুর্নীতির ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে অথবা ঘটার সম্ভাবনা রয়েছে—এমন অভিযোগ পেলে তাৎক্ষণিক প্রতিকার বা প্রতিরোধের ব্যবস্থা নেওয়া যাবে। দুর্নীতির ঘটনা ঘটার আগেই প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে। দুর্নীতির বিরুদ্ধে জনমত সৃষ্টি এবং কমিশনের প্রতি জন-আস্থা সৃষ্টি হবে।

